**অতি জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সমন্বয় অনুবিভাগ

১৬ ফাল্গুন ১৪২৪

নং-০৪.০০.০০০০.৭০০.২৯.০০১.১৭.১৪০ তারিখঃ.......................

২৮ ফেব্রুয়ারি ২০১৮

**বিষয়ঃ** সিআরভিএস প্রকল্পের দরপত্র বিজ্ঞপ্তি ও তফসিল প্রকাশ প্রসঙ্গে।

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Technical Support for CRVS System Improvement in Bangladesh 2nd phase শীর্ষক প্রকল্পের জন্য আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ প্রসঙ্গে দরপত্র বিজ্ঞপ্তি ও তফসিল (কপি সংযুক্ত) মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামোতাবেক।

২৮.০২.২০১৮

(এ কে মহিউদ্দিন আহমদ)
অতিরিক্ত সচিব (সমন্বয়)
ফোন: ৯৫৮২২৭৭

যুগ্মসচিব (আইসিটি),মন্ত্রিপরিষদ বিভাগ

অনুলিপি:

১। সিআরভিএস সচিবালয়, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
Technical Support for CRVS System Improvement in Bangladesh 2nd Phase শীর্ষক প্রকল্প
কক্ষ নম্বর-১০০৯, পরিবহনপুল ভবন, ঢাকা-১০০০।

স্মারক নং- ০৪.০০.০০০০.৭০০.২৯.০০১.১৭.১৩৮ তারিখঃ ২৮/০২/২০১৮ইং

**আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপ্রস্তাব বিজ্ঞপ্তি**

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Technical Support for CRVS System Improvement in Bangladesh 2nd Phase শীর্ষক প্রকল্পে, প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পুণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্য বেতনে আউট সোর্সিং নীতিমালা ২০০৮ অনুসরণপূবক জনবলের সেবা গ্রহনের নিমিত্তে সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমঃ | পদের নাম ও গ্রেড | মাসিক সাকুল্য বেতন | পদ সংখ্যা | যে কার্যালয়ে জনবল নিয়োজিত থাকবে | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১. | ফিল্ড কো-অর্ডিনেটর | ১৫,০০০/- | ২ | প্রকল্প এলাকা এবং প্রকল্প পরিচালকের কার্যালয়। | যে কোন বিষয়ে স্নাতক, এক বছরের বাস্তব অভিজ্ঞতা সহ প্রকল্প এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে। |

শর্তাবলীঃ
০১। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্টেশন এবং করদাতা সনাক্তকরণ নম্বর (TIN) থাকতে হবে এবং আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
০২। আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের জন্য মনোনীত প্রতিষ্ঠানকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
০৩। আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহনের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।
০৪। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ১ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।
০৫। আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের জন্য মনোনীত প্রতিষ্ঠানের সাথে চুক্তিপত্র সম্পাদিত হবে কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।
৭। নিয়োজিত কর্মচারীগণ ছুটির দিনে বা সরকারী অফিস সময়ের পরে দাপ্তরিক প্রয়োজনে কাজ করতে বাধ্য থাকবে।
০৮। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে অত্র প্রকল্পের কোন ক্ষতি সাধিত হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে।
০৯। নির্বাচিত প্রতিষ্ঠান থেকে সরবরাহকৃত জনবল প্রকল্প পরিচালক কর্তৃক মৌখিক পরিক্ষায় উত্তীর্ণ হতে হবে।
১০। দরপত্র সিডিউল ক্রয়ের শুরু ০১/০৩/২০১৮ এবং শেষ তারিখ আগামি ১১/০৩/২০১৮ অফিস চলাকালিন। এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইট থেকে সিডিউল ডাউন লোড করা যাবে। তবে তা জমাদানের পূর্বে নিধারিত মূল্য পরিশাধ করতে হবে অন্যথায় উহা বাতিল বলে গণ্য হবে।
১১। সিডিউলের মূল্য প্রতিটি ৫০০ (পাঁচশত) টাকা মাত্র।
১২। দরপত্র, প্রকল্প পরিচারক, Technical Support for CRVS System Improvement in Bangladesh 2nd Phase শীর্ষক প্রকল্প, কক্ষ নম্বর-১০০৯, পরিবহনপুল ভবন, ঢাকা এর কক্ষে আগামী১২/০৩/২০১৮ তারিখে বেলা ১২

ঘটিকার মধ্যে জমা দিতে হবে। একই দিন বেলা ২.৩০ ঘটিকার সময় দরপত্র দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন)দরপত্র খোলা হবে।

১৩। জনবল সরবরাহের বিস্তারিত ও শর্তাবলি দরপত্র সিডিউলে উল্লেখ থাকবে।

১৪। নির্বাচিত প্রতিষ্ঠানের নিকট থেকে সরকারি নিয়ম অনুসারে ভ্যাট/আয়কর কর্তন করা হবে।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৮.০২.২০১৮

এ কে মহিউদ্দিন আহমেদ

প্রকল্প পরিচালক

# দরপত্র তফসিল

# আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সেবা ক্রয় সংক্রান্ত

**Technical Support for CRVS Improvement in Bangladesh-2nd phase**

**শীর্ষক প্রকল্প**

মন্ত্রিপরিষদ বিভাগ

কক্ষ নম্বরঃ ১০০৮, সরকারি পরিবহন পুল ভবন, ১০ তলা

সচিবালয় লিংক রোড, ঢাকা ১০০০।

ফোন নম্বরঃ ৯৫৮২২৭৭

## শর্তাবলীঃ

০১। সরকারি এবং স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠানে নূন্যতম ৩ বছরের কাজ করার বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রতিষ্ঠানকে বৈধ ট্রেডলাইসেন্স, ভ্যাট ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র, সম্প্রতি কোন প্রতিষ্ঠানে জনবল সরবরাহের পূর্ব অভিজ্ঞতার প্রমাণপত্র সহ নিম্নোক্ত ছক মোতাবেক প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে সীলগালা (প্রতিষ্ঠানের সীলকৃত) অবস্থায় দরপত্র প্রস্তাব প্রকল্প পরিচালক,Technical Support for CRVS System Improvement in Bangladesh-2nd Phase শীর্ষক প্রকল্প এর দপ্তরে দাখিল করতে হবে। দরপত্রের সাথে প্রস্তাবিত প্রার্থীদের এই মর্মে অঙ্গীকার নামা দাখিল করতে হবে যে, উক্ত প্রার্থী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষে এই প্রকল্পে কাজ করতে সম্মত হয়েছে। অসম্পূর্ণ দরপ্রস্তাব বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট সকল কাগজপত্রে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর থাকতে হবে এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০২। মাসিক দাখিলকৃত বিল থেকে সরকারি বিধি মোতাবেক সার্ভিস চার্জের উপর ১০% আয়কর, এবং সর্বসাকুল্যে সেবামূল্য (সেবা মূল্য+সার্ভিস চার্জ) উপর ১৫% ভ্যাট কর্তন করা হবে। নিম্নোক্ত ছক অনুযায়ী নিজ প্যাডে প্রতিষ্ঠান প্রধানের নিজস্বাক্ষরে এনালাইসিসসহ দাখিল করতে হবে। উৎসব ভাতা এবং অন্যান্য ভাতাদি (প্রযোজ্য ক্ষেত্রে) সার্ভিসচার্জের আওতাভু থাকবে না। বিঃদ্রঃ শুধুমাত্র ৫, ৬, ৭ এবং ৮ কলাম সমূহ পূরণ করতে হবে, বাকী কলামসমূহ একই থাকবে।

## দর দাখিলের ছক

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | জনপ্রতি মাসিক ন্যূনতম সেবামূল্য | জনপ্রতি মাসিক ন্যূনতম সেবামূল্যের উপর সার্ভিস চার্জ (একই পরিমাণ অর্থ শতাংশ এবং টাকার অংকে প্রকাশ করতে হবে) | জনপ্রতি মাসিক মোট সেবামূল্য (ন্যূনতম সেবা মূল্য+সার্ভিস চার্জ) | জনপ্রতি মাসিক মোট সেবামূল্যের উপর ১৫% ভ্যাট | জনপ্রতি মাসিক সর্বসাকুল্যে সেবামূল্য (**) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ (৪+৫) | ৭ | ৮ (৬+৭) |
| ০১ | ফিল্ড কো-অর্ডিনেটর | ০২ | ১৫,০০০/- | ................% <br> টাকা- ........... /- | | | |

(**) উল্লেখ্য যে, নিরূপিত ন্যূনতম সেবামূল্য এবং সার্ভিস চার্জের উপর হতে ১৫% ভ্যাট এবং যাচিত সার্ভিস চার্জের উপর ১০% আয়কর কর্তন করার পর দরপত্রে উল্লিখিত সর্বসাকুল্য সেবামূল্য নূন্যতম সেবা মূল্যের কম হবে না।

০৩। আগামী ১২/০৩/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ টার মধ্যে নিজ প্রতিষ্ঠানের সীলগালাকৃত খামে দরপ্রস্তাব, ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধের প্রমাণপত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদিসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত বাক্সে দরপত্র/প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা যাচ্ছে। একই তারিখে (১২/০৩/২০১৮) বেলা ২.৩০ ঘটিকায় প্রাপ্ত দরপত্র/প্রস্তাবসমূহ দরদাতার উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৪। দরপত্র জামানত হিসাবে যে কোন তফসিল ভূক্ত ব্যাংক হতে প্রকল্প পরিচালক, Technical Support for CRVS System Improvement in Bangladesh-2nd Phase শীর্ষক প্রকল্প এর অনুকূলে ২০,০০০/- (বিশহাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।

০৫। নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পুর্বে নিরাপত্তা জামানত হিসেবে সরবরাহকৃত জনবলের জনপ্রতি মোট সেবা মূল্যের ৭ % হারে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।

০৬। অর্থ মন্ত্রণালয়ের ২৭/০১/২০১৬ খ্রিস্টাব্দ তারিখের পরিপত্র মোতাবেক আউট সোর্সিং জনবলের অনুকূলে মাসিক সেবামূল্য, উৎসব প্রণোদনা ইত্যাদি ক্রসড চেকের মাধ্যমে সেবা গ্রহণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় হবে। এ বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশমালা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

০৭। দরপত্র কমিটি সর্বনিম্ন দর গ্রহণে বাধ্য নহেন, অসামঞ্জস্যপূর্ণ দর এবং অতিশয় নিম্নদর বাতিল হিসাবে গণ্য হবে।

০৮। দরপত্র প্রস্তাব বাছাইয়ে যে প্রতিষ্ঠানের প্রস্তাব বিবেচিত হবে কেবলমাত্র সে প্রতিষ্ঠানের প্রার্থীদেরকে ইন্টারভিউ এর জন্য ডাকা হবে। ইন্টারভিউ এর তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। ইন্টারভিউ এ অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সরকারি প্রতিষ্ঠানে কাজ করেছেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

০৯। প্রস্তাবিত প্রার্থীদের ছবিসহ নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপিসহ জীবনবৃত্তান্ত পরবর্তীতে নির্বাচিত প্রতিষ্ঠানকে দাখিল করতে হবে।

১০। অগ্রহণযোগ্য প্রার্থীর ক্ষেত্রে কর্তৃপক্ষের নিকট হতে পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে অন্য প্রার্থীর নাম ও প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করতে হবে।

১১। প্রস্তাবিত জনবলের কর্মস্থল মূলত প্রকল্প এলাকায় হবে। তাদেরকে সার্বক্ষণিকভাবে প্রকল্প পরিচালক Technical Support for CRVS System Improvement in Bangladesh-2$^{nd}$ Phase এর তত্ত্বাবধানে দায়িত্ব পালন করতে হবে।

১২। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তি সম্পন্ন করতে হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

১৩। প্রাথমিকভাবে চুক্তির মেয়াদ ৩০ জুন, ২০১৯ পর্যন্ত হবে, তবে উভয় পক্ষের সম্মতিতে মেয়াদকাল হ্রাস-বৃদ্ধি করা হবে।

১৪। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ১ (এক) মাসের নোটিশে বাতিল করতে পারবে।

১৫। প্রকল্পের প্রয়োজনে সংশ্লিষ্ট জনবলকে দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় দায়িত্ব পালন করতে হবে। সরকারি ছুটির দিনেও প্রয়োজনে দায়িত্ব পালন করতে হবে। যে সকল প্রতিষ্ঠান দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় বা ছুটির দিনে জনবল নিয়োজিত রাখতে অপারগ হবে অথবা অতিরিক্ত অর্থ দাবী করবে তাদের প্রস্তাবিত দরপত্র দাখিল করার প্রয়োজন নেই। পরবর্তীতেও অপারগতা প্রকাশ করলে জনবল সরবরাহের চুক্তি বাতিল করা হবে।

১৬। নিয়োজিত কর্মচারীগণ কর্তব্য পালনকালে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বহন করবেন।

১৭। সরবরাহকৃত জনবলের কাজের মান সন্তোষজনক না হলে ১০ (দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে উপযুক্ত জনবল সরবরাহ করতে হবে।

১৮। আলোচ্য জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন এবং করদাতা সনাক্তকরণ নম্বর (TIN) থাকতে হবে।

১৯। আউটসোর্সিং-এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

২০। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে মন্ত্রিপরিষদ বিভাগ এবং Technical Support for CRVS System Improvement in Bangladesh-2nd Phase শীর্ষক প্রকল্পের কোন ক্ষতিসাধিত হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে।

২১। নির্বাচিত প্রতিষ্ঠান থেকে সরবরাহকৃত জনবল প্রকল্প পরিচালক কর্তৃক মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

২২। দরপত্র সিডিউল ক্রয়ের শুরু ০১/০৩/২০১৮ খ্রিঃ এবং শেষ তারিখ আগামী ০৭/০৩/২০১৮ খ্রিস্টাব্দ বিকাল ৫.০০ টা পর্যন্ত। মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট হতে সিডিউল ডাউনলোড করা যাবে। তবে জমা দানের পূর্বে নির্ধারিত মূল্য পরিশোধ করতে হবে অন্যথায় বাতিল বলে গণ্য হবে।

২৩। সিডিউলের মূল্য প্রতিটি ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র।

২৪। দরপত্র প্রকল্প পরিচালক Technical Support for CRVS System Improvement in Bangladesh-2nd Phaseশীর্ষক প্রকল্প এর কক্ষে খোলা হবে।

২৫। যদি ০৭/০৩/২০১৮খ্রিঃ তারিখে অনিবার্য কোন পরিস্থিতির সৃষ্টি হয়, তাহলে পরের কার্য দিবস বেলা ১২.০০ টার মধ্যে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিন নির্ধারিত সময়ে খোলা হবে। দরপত্রদাতা প্রতিষ্ঠান ইচ্ছা করলে নির্ধারিত সময়ের মধ্যে যে কোন দিন প্রকল্প পরিচালক, Technical Support for CRVS System Improvement in Bangladesh-2nd Phase শীর্ষক প্রকল্প এর অফিস কক্ষে রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে পারবেন।

২৬। কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

27.02.2018

**প্রকল্প পরিচালক**

Technical Support for CRVS System Improvement in Bangladesh-2nd phase.
কক্ষ নম্বরঃ ১০০৮, সরকারি পরিবহন পুল ভবন, ১০ তলা,
সচিবালয় লিংক রোড, ঢাকা ১০০০।
ফোন নম্বরঃ ৯৫৮২২৭৭

দরদাতার স্বাক্ষর
তারিখ ও প্রতিষ্ঠানের সীল